



## তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বহাল রেখে চূড়ান্ত রায় প্রকাশ



ছবি: সংগৃহীত

সংবিধানে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা পুনর্বহাল নিয়ে সুপ্রিম কোর্টের আপিল বিভাগের পূর্ণাঙ্গ রায় প্রকাশিত হয়েছে।

রোববার (১৫ মার্চ) সর্বোচ্চ আদালতের ওয়েবসাইটে ৭৪ পৃষ্ঠার এই রায় প্রকাশ করা হয়। রায়টি লিখেছেন তৎকালীন প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদ।

১৯৯৬ সালে বিএনপি সরকারের সময় সংবিধানের ত্রয়োদশ সংশোধনীর মাধ্যমে দেশে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা চালু হয়। পরে ২০১১ সালে আওয়ামী লীগ সরকারের আমলে আপিল বিভাগ ত্রয়োদশ সংশোধনী বাতিল ঘোষণা করলে এ ব্যবস্থা বিলুপ্ত হয়ে যায়।

পরবর্তী সময়ে আওয়ামী লীগ সরকারের পতনের পর অন্তর্বর্তী সরকারের সময় ২০১১ সালের সেই রায়ের পুনর্বিবেচনার আবেদন করা হয়। আবেদনের পর সর্বোচ্চ আদালত নতুন করে আপিল শুনানির উদ্যোগ নেয়। শুনানি শেষে ত্রয়োদশ সংশোধনী বাতিলের আগের রায়কে অবৈধ ঘোষণা করা হয় এবং নির্বাচনকালীন নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা আবারও বহালের নির্দেশ দেওয়া হয়।

সাবেক প্রধান বিচারপতি সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বে সাত সদস্যের আপিল বেঞ্চ এ রায় দেন। বেঞ্চের অন্য বিচারপতিরা হলেন— বিচারপতি মো. আশফাকুল ইসলাম, বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী, বিচারপতি মো. রেজাউল হক, বিচারপতি এস এম ইমদাদুল হক, বিচারপতি এ কে এম আসাদুজ্জামান এবং বিচারপতি ফারাহ মাহবুব।